

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- এসএসসি/এইচএসসি/ভোকেশনাল/প্রকল্প/১২০/৯৮/৫১১

তারিখ: ২২/০৩/২০১৭ খ্রিঃ


বিষয়: অত্যাৱশ্যকীয় খাতের অর্থ ব্যয়ের অনুমোদনসহ খন্ডকালীন শিক্ষক ও মাস্টাররোলের কর্মচারী নিয়োগ প্রসঙ্গে।


সূত্র: ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়ার স্মারক নং-ভিটিটিআই/সংস্থাপন-১২৭/২০১৭/১৬১  
তারিখ: ০৭/০৩/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়ায় ২০১৬-১৭ শিক্ষাবর্ষে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সে ১ম ও ২য় শিফটে ০৬টি টেকনোলজিতে শিক্ষার্থী ভর্তি করে তাদের নিকট হতে নিরাপত্তা ও নৈশ প্রহরী/অত্যাৱশ্যকীয় কর্মচারী উপখাতে অর্থ আদায় করেছেন। শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কমপক্ষে ০৩ জন খন্ডকালীন শিক্ষক এবং নিরাপত্তার স্বার্থে ০২ জন নৈশ প্রহরী মাস্টাররোলে নিয়োগ প্রদানে অত্যাৱশ্যক হয়ে পড়েছে মর্মে অধ্যক্ষ পত্রে উল্লেখ করেন।

- ২। তিনি শিক্ষক ও নৈশ প্রহরী নিয়োগের অনুমতিসহ উক্ত খাত হতে ব্যয় মেটানোর অনুমোদন প্রদানের জন্য অনুরোধ করেছেন।
- ৩। এমতাবস্থায়, সরকারি বিধি বিধান অনুসরণ পূর্বক পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য প্রশাসনিক অনুমতি প্রদান করা হলো।

প্রাপক: অধ্যক্ষ  
ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট  
বগুড়া।

  
( মোঃ মিজানুর রহমান )  
যুগ্ম-সচিব  
পরিচালক (ভোকেশনাল)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।



সদয় অবগতির জন্য অনুলিপি:

- ০১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।